# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৭৪]

৫/ সালামের আদব (كتاب السلام)

পরিচ্ছেদঃ ১৪১: অনুমতি প্রার্থীর জন্য এটা সুন্নত যে, যখন তাকে জিজ্ঞাসা করা হবে, তুমি কে? তখন সে নিজের পরিচিত নাম বা উপনাম ব্যক্ত করবে। আর উত্তরে ‘আমি’ বা অনুরূপ শব্দ বলা অপছন্দনীয়

(141) بَابُ بَيَانِ أَنَّ السُّنَّةَ إِذَا قِيْلَ لِلْمُسْتَأْذِنِ: مَنْ أَنْتَ ؟ أَنْ يَقُوْلَ: فُلَانٌ فَيُسَمِّيَ نَفْسَهُ بِمَا يُعْرَفُ بِهِ مِنْ اِسْمٍ أَوْ كُنْيَةٍ وَكَرَاهَةِ قَوْلِهِ«أَنَا» وَنَحْوِهَا

---

আরবী

وَعَنْ أَنَسٍ رضي الله عنه فِي حَدِيثِهِ الْمَشْهُورِ فِي الإسرَاءِ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: ثُمَّ صَعَدَ بِي جِبْرِيلُ إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَاسْتَفْتَحَ، فَقِيلَ: مَنْ هَذَا ؟ قَالَ: جِبْرِيلُ، قِيلَ: وَمَنْ مَعَكَ ؟ قَالَ: مُحَمَّدٌ، ثُمَّ صَعَدَ إِلَى السَّمَاءِ الثَّانِيَةِ فَاستَفْتَحَ، قِيلَ: مَنْ هَذَا ؟ قَالَ: جِبْرِيل، قِيلَ: وَمَنْ مَعَكَ؟ قَالَ: مُحَمَّدٌ وَالثَّالِثَةِ وَالرَّابِعَةِ وَسَائِرِهِنَّ وَيُقَالُ فِي بَابِ كُلِّ سَمَاءٍ: مَنْ هَذَا ؟ فَيَقُولُ: جِبْرِيلُ . متفق عَلَيْهِ

বাংলা

১/৮৭৯। আনাস রাদিয়াল্লাহু ’আনহু হতে মি’রাজ সম্পর্কিত তাঁর সুদীর্ঘ হাদীস বর্ণিত হয়েছে; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ’’.... অতঃপর জিবরীল আলাইহিস সালাম আমাকে সঙ্গে নিয়ে নিকটবর্তী (প্রথম) আসমানে চড়লেন এবং তার (দরজা) খোলার আবেদন করলেন। তখন জিজ্ঞাসা করা হল, ’আপনি কে?’ জিবরীল বললেন, ’জিবরীল।’ জিজ্ঞাসা করা হল, ’আপনার সাথে কে?’ তিনি বললেন, ’মুহাম্মাদ।’ (এভাবে) তৃতীয়, চতুর্থ তথা বাকি সব আসমানে প্রত্যেক প্রবেশ-দ্বারে জিজ্ঞাসা করা হল ’আপনি কে?’ আর জিবরীল উত্তর দিলেন, ’জিবরীল।’ (বুখারী-মুসলিম) [1]

## English

(141) Chapter: Seeking Permission to Enter by Stating One's Name

Anas (May Allah be pleased with him) reported in the course of his famous Hadith pertaining to Al-Isra' (the Ascension) that Messenger of Allah (ﷺ) said, "Then Jibril (Gabriel) ascended along with me to the nearest heaven and requested for the gate to be opened. He was asked:

`Who is there?' He replied: `Jibril.' He was asked: `Who is with you?' He said: `Muhammad.' Then he ascended to the second heaven and requested for the opening of the gate. He was asked: `Who is there?' He said: `Jibril.' He was asked: `Who is with you?' He replied: `Muhammad.' In the same way he ascended to the third, fourth and all the heavens (i.e., until the seventh). At all of the gates he was asked: `Who is there?' He replied: Jibril.'''

[Al-Bukhari and Muslim].

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩২০৭, ৩৩৯৩, ৩৪৩০, ৩৮৮৭, মুসলিম ১৬২, ১৬৪, তিরমিযী ৩৩৪৬, নাসায়ী ৪৪৮, আহমাদ ১৭৩৭৮, ১৭৩৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন